ব্র্যাক বিশ্ববিদ্যালয়
www.bracu.ac.bd
ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ
www.iub.edu.bd
নর্থ সাউথ ইউনিভার্সিটি
www.northsouth.edu
ইস্টার্ন ইউনিভার্সিটি
www.easternuni.edu.bd
ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি
www.ewubd.edu
আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স টেকনোলজি
www.aust.edu
ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
www.uiu.edu
আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ
www.aiub.edu
ইউল্যাব ইউনিভার্সিটি
www.ulab.edu.bd



বর্তমানে দেশে-বিদেশে ইঞ্জিনিয়ারদের রয়েছে ব্যাপক চাহিদা

ছবি : সাপু ইসলাম, ইস্টার্ন ইউনিভার্সিটির সৌজন্যে

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# প্রকৌশল নিয়ে পড়াশোনা

**গোলাম কিবরিয়া**

শিক্ষাই জাতির মেরুদণ্ড। একটি দেশ বা জাতিকে উন্নতির শিখরে পৌঁছে দিতে প্রয়োজন শিক্ষিত ও দক্ষ জনগোষ্ঠী। আর তা একধাপ সামনে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করে প্রযুক্তিগত শিক্ষা। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে যার চাহিদা অনেক। আর বিষয়টি লক্ষ্য রেখে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং শিক্ষা গ্রহণের ব্যবস্থা করেছে। বর্তমানে দেশে সরকারি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি বেশকিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে, যেখানে শিক্ষার্থীদের আছে মানসম্পন্ন প্রযুক্তি শিক্ষা গ্রহণের মাধ্যমে প্রকৌশলী হওয়ার সুযোগ। এখন সে রকমই কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামের ইঞ্জিনিয়ারিং ভর্তি তথ্য ও ব্যয় দেওয়া হলো :

**ব্র্যাক ইউনিভার্সিটি :** দেশের অন্যতম সেরা বেসরকারি বিশ্ববিদ্যালয় ব্র্যাক ইউনিভার্সিটিতে ভর্তি আবেদনের জন্য শিক্ষার্থীদের এসএসসিতে জিপিএ ৩.৫ সহ এইচএসসি মিলিয়ে ন্যূনতম জিপিএ ৮ থাকতে হবে। ইইই, ইসিই, সিএসই এবং এপিইতে আবেদনের জন্য ফিজিক্স এবং ম্যাথমেটিক্সে ন্যূনতম বি-গ্রেড থাকতে হবে।

আবেদনের শেষ তারিখ ৮ ডিসেম্বর, ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ১১ ডিসেম্বর এবং ক্লাস শুরু ১০ জানুয়ারি, ২০১৬। ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে বিএসসি ইন কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যান্ড সায়েন্স ইঞ্জিনিয়ারিং, ইসিই, ইইই পড়তে হলে প্রতি ক্রেডিটে খরচ হবে ৫ হাজার ৫০০ টাকা। মেধাবী শিক্ষার্থীদের জন্য থাকছে বৃত্তির সুযোগ। বিস্তারিত তথ্য পাওয়া যাবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে।

**এইউএসটি :** আহছানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (এইউএসটি) ইঞ্জিনিয়ারিং যে কোনো বিষয়ে আবেদনের জন্য শিক্ষার্থীর এসএসসি এবং এইচএসসি মিলিয়ে ন্যূনতম জিপিএ ৮ থাকতে হবে। এইচএসসিতে বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীর ম্যাথ, ফিজিক্স এবং কেমেস্ট্রি বিষয় থাকতে হবে। এইউএসটিতে আর্কিটেকচারে পড়তে হলে একজন শিক্ষার্থীর ব্যয় হবে ৮ লাখ ২৮ হাজার ৪০০ টাকা, সিইতে ৬ লাখ ৬৭ হাজার ৬০০ টাকা, সিএসইতে ৬ লাখ ৬৭ হাজার ৬০০ টাকা, ইইই টেক্সটাইল, আইপিইতে ব্যয় হবে ৬ লাখ ৬৭ হাজার ৬০০ টাকা। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে।

**এআইইউবি :** আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এআইইউবি) ইইই, আর্কিটেকচার, সিওই, সিএসই, সিআইএসে আবেদনের জন্য শিক্ষার্থীর এসএসসি এবং এইচএসসিতে মোট জিপিএ ৬ থাকতে হবে। স্প্রিং সেমিস্টারে ভর্তি আবেদনের শেষ তারিখ ১৭ ডিসেম্বর। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২৭ ডিসেম্বর।

**নর্থসাউথ ইউনিভার্সিটি :** নর্থসাউথ ইউনিভার্সিটিতে ভর্তি আবেদনের জন্য একজন শিক্ষার্থীর এসএসসি এবং এইচএসসি মিলিয়ে ন্যূনতম জিপিএ ৮ থাকতে হবে। ইঞ্জিনিয়ারিং বিষয়ে আবেদনের জন্য এইচএসসিতে ম্যাথ এবং ফিজিক্সে ন্যূনতম বি-গ্রেড থাকতে হবে। সিএসইতে শিক্ষার্থীদের পড়তে ব্যয় হবে মোট ৭ লাখ ১৫ হাজার টাকা। ইইইতে শিক্ষার্থীদের পড়তে ব্যয় হবে মোট ৭ লাখ ১৫ হাজার টাকা। ব্যাচেলর অব আরকিটেকচারে পড়তে খরচ পড়বে মোট ৮ লাখ ৮০ হাজার।

ব্যাচেলর অব সায়েন্স ইন সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিংয়ে পড়তে ব্যয় হবে মোট ৭ লাখ ১৫ হাজার টাকা। ইটিইতে শিক্ষার্থীদের পড়তে ব্যয় হবে মোট ৭ লাখ ১৫ হাজার টাকা।

**ইস্টার্ন ইউনিভার্সিটি :** দেশের প্রথম সারির বিশ্ববিদ্যালয় ইস্টার্ন ইউনিভার্সিটিতে রয়েছে ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ। এ ইউনিভার্সিটিতে ভর্তির আবেদনের জন্য এসএসসি এবং এইচএসসিতে মোট জিপিএ ন্যূনতম ৬ থাকতে হবে। ইস্টার্ন ইউনিভার্সিটিতে বিএসসি ইন সিএসই পড়তে ব্যয় হবে মোট ৪ লাখ ১৯ হাজার ৫০০ টাকা। সিএসইর ইভিনিং শিফটে পড়তে ব্যয় হবে ৩ লাখ ২ হাজার ৯০০ টাকা এবং বিএসসি ইন ইইইতে পড়তে ব্যয় হবে ৫ লাখ ৫৫ হাজার ৭৫ টাকা। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে ইউনিভার্সিটির নিজস্ব ওয়েবসাইটে।

**ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি :** ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আবেদনের জন্য মোট জিপিএ ৫ থাকতে হবে শিক্ষার্থীর। ইস্ট ওয়েস্টে বিএসসি ইন জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজিতে পড়তে ব্যয় হবে মোট ৬ লাখ ৯৯ হাজার ৩২০ টাকা, সিএসই, ইইই, আইসিই এবং ইটিই বিষয়টি নিয়ে পড়তে মোট ৭ লাখ ২৮ হাজার ৭২০ টাকা ব্যয় হবে।

**ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি :** ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশে ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর এসএসসি এবং এইচএসসিতে মোট জিপিএ ৮ থাকতে হবে। স্প্রিং সেমিস্টারে ভর্তি এখন চলছে। আইইউবিতে বিএসসি ইন সিই এবং সিএসসির প্রতি ক্রেডিট ৫ হাজার ৫০০ টাকা।

এ ছাড়াও ইইইতে একজন শিক্ষার্থীর প্রতি ক্রেডিট ৪ হাজার ৫০০ টাকা ব্যয় হবে। ইইইর মোট ১৩১ ক্রেডিট বিএসসি ইন ইটিইতে প্রতি ক্রেডিট সম্পন্ন করতে ব্যয় হবে ৪ হাজার ৫০০ টাকা। ইটিইর মোট ১৩০ ক্রেডিট। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জানা যাবে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে।

এ ছাড়াও বেশকিছু বিশ্ববিদ্যালয়ে থাকছে মানসম্পন্ন ইঞ্জিনিয়ারিং পড়ার সুযোগ। এর মধ্যে উল্লেখযোগ্য হলো ইউআইইউ, ইউল্যাব, আইএসটি, স্টামফোর্ড, ড্যাফোডিল এবং ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

উচ্চ মাধ্যমিক সম্পন্ন করার পর একজন শিক্ষার্থীর জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় আসে আর তা তখনই সঠিকভাবে পালন করা সম্ভব হয় ভালো শিক্ষা প্রতিষ্ঠানে সঠিক বিষয় নির্বাচনের মধ্য দিয়ে। আর তাই দুশ্চিন্তা এবং সময় নষ্ট না করে এখনই উচিত সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা। ■